

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
উপজেলা সরকারি গণগ্রন্থাগার, দেওয়ানগঞ্জ, জামালপুর
publiclibrary.dewangonj.jamalpur.gov.bd

স্মারক নং: ৪৩.২৬.৩৯১৫.০০১.২৩.০০১.১৫/১৫০

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২
০৭ এপ্রিল ২০২৬

বিষয়: 'বাংলা নববর্ষ ১৪৩৩' উপলক্ষ্যে কুইজ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

সূত্র: ৪৩.২৬.০০০০.০০১.২৩.৮৩৬.২২-৩৩৬১

তারিখ: ০৫/০৪/২০২৬ খ্রি.

বাংলা নববর্ষ ১৪৩৩ উপলক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক উপজেলা সরকারি গণগ্রন্থাগার, দেওয়ানগঞ্জ, জামালপুরে নিম্নোক্ত বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

(১) কুইজ প্রতিযোগিতা:

গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার তারিখ ও সময়
ক	ষষ্ঠ-অষ্টম	বাংলা ভাষা ও সাহিত্য, সাধারণ জ্ঞান: বাংলাদেশ প্রসঙ্গ	১৩/০৪/২০২৬ খ্রি. সোমবার সকাল ১০.০০ টা গণগ্রন্থাগারের পাঠকক্ষ
খ	নবম-দশম		

(২) রচনা প্রতিযোগিতা:

গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার তারিখ ও সময়
ক	পঞ্চম-অষ্টম	বাঙালি সংস্কৃতি ও বাংলা নববর্ষ	১৩/০৪/২০২৬ খ্রি. সোমবার সকাল ১১.৩০ টা গণগ্রন্থাগারের পাঠকক্ষ
খ	নবম-দ্বাদশ	বাংলা নববর্ষ: ঐতিহ্য ও উদযাপন	
গ	স্নাতক-স্নাতকোত্তর/ সর্বসাধারণ	লোকজ সংস্কৃতির বিকাশে নববর্ষ উদযাপনের ভূমিকা	

(৩) চিত্রাঙ্কন প্রতিযোগিতা:

গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার তারিখ ও সময়
ক	শিশু-দ্বিতীয়	উন্মুক্ত	১৩/০৪/২০২৬ খ্রি. সোমবার সকাল ১০.০০ টা গণগ্রন্থাগারের পাঠকক্ষ
খ	তৃতীয়-ষষ্ঠ	বৈশাখী মেলা	
গ	বিশেষ চাহিদা সম্পন্ন শিশু	উন্মুক্ত	

শর্তাবলী:

- রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় কাগজ সংশ্লিষ্ট গ্রন্থাগার থেকে সরবরাহ করা হবে।
- রচনা প্রতিযোগিতায় কভারপেজে এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতায় নির্ধারিত স্থানে প্রতিযোগীর নাম, পিতা-মাতার নাম এবং শিক্ষা প্রতিষ্ঠানের নামসহ সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- শিক্ষার্থীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/জন্ম সনদের ফটোকপি এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- চিত্রাঙ্কন প্রতিযোগিতায় আর্ট পেপার ব্যতীত অন্যান্য অঙ্কন সরঞ্জাম সাথে আনতে হবে।
- বিস্তারিত তথ্যের জন্য জনাব মো: আতিকুর রহমান, ডাটা এন্ট্রি অপারেটর (মোবাইল: ০১৯২৩-২৫১২৯৯) উপজেলা সরকারি গণগ্রন্থাগার, দেওয়ানগঞ্জ, জামালপুর-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

মুহাম্মেদুল
০৭/০৪/২৬

(মুহাঃ মুখলেছুর রহমান)
সহকারী লাইব্রেরিয়ান (অ.দা.)

স্মারক নং ৪৩.২৬.৩৯১৫.০০১.২৩.০০১.১৫/১৫০

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২
০৭ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতারক্রমে নয়):

- প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালকের দপ্তর, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহ।
- উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।

- ৩। অধ্যক্ষ..... (নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের অনুরোধসহ)।
- ৪। উপজেলা অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর (শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করণের অনুরোধসহ)।
- ৫। প্রধান শিক্ষক..... (নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি/ নোটিশ বোর্ড।

মুখলেছুর

০৭/০৪/২৬

(মুহাঃ মুখলেছুর রহমান)
সহকারী লাইব্রেরিয়ান (অ.দা.)